

‘বাংলায় অনুমোদিত’

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা

এফই সার্কুলার নং ০৭

তারিখঃ জুন ২৯, ২০০৯

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

আন্তর্জাতিক বাণিজ্য উপযুক্ত ইনকোটার্ম ব্যবহার প্রসংগে।

শিরোনামোক্ত বিষয়ে মার্চ ২৫, ২০০৮ তারিখে জারিকৃত এফই সার্কুলার নং ০২ এর ২নং অনুচ্ছেদের প্রতি দৃষ্টি আকর্ষণ
করা যাচ্ছে। আলোচ্য সার্কুলারের ২নং অনুচ্ছেদে বাংলাদেশ হতে রপ্তানির ক্ষেত্রে প্রযোজ্য ইনকোটার্ম ব্যবহারের বিষয়ে নির্দেশনা
উপায়িত রয়েছে।

০২। বিদেশী ক্রেতার মনোনীত ব্যক্তির নিকট রপ্তানি পণ্য হস্তান্তরের শর্তে রপ্তানির ক্ষেত্রে প্রাপ্ত এলসি এফসিএ টার্মে ইস্যু
হওয়ার আবশ্যিকতা রয়েছে। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, পণ্য জাহাজীকরণের পূর্বে রপ্তানি পণ্য বিদেশী ক্রেতার মনোনীত ব্যক্তির
নিকট হস্তান্তরের শর্তে প্রাপ্ত এফওবি টার্মের এলসি অনুমোদিত ডিলার কর্তৃক এ্যাডভাইস করা হচ্ছে।

উক্তভাবে রপ্তানির ক্ষেত্রে রপ্তানিকারককে অতিরিক্ত ঝুঁকি এবং ব্যয় বহন করতে হয়। এতদ্প্রেক্ষিতে অনুমোদিত ডিলারকে
এ মর্মে পরামর্শ দেয়া যাচ্ছে যে, রপ্তানি খণ্ডপত্র এ্যাডভাইস করার পূর্বে সংশ্লিষ্ট খণ্ডপত্রে উল্লেখিত শর্তাদি আরোপিত ইনকোটার্মের
সাথে যথাযথ থাকার বিষয়ে নিশ্চিত হতে হবে। কোনরূপ অসামঞ্জস্যতা পরিলক্ষিত হলে বিষয়টি তৎক্ষনিকভাবে খণ্ডপত্র ইস্যুকারী
ব্যাংককে প্রয়োজনীয় সংশোধনের জন্য অবহিত করতে হবে। পাশাপাশি বিষয়টি রপ্তানিকারককে ও অবগত রাখতে হবে।

এছাড়াও প্রযোজ্য ইনকোটার্মের শর্তাদি সম্পর্কে রপ্তানিকারকদেরকে অবহিত রাখার জন্য অনুমোদিত ডিলার প্রয়োজনীয়
ব্যবস্থা গ্রহণ করবে, যাতে রপ্তানিকারকরা বিদেশী ক্রেতাকে উক্তরূপে খণ্ডপত্র ইস্যু করার জন্য বলতে পারে।

০৩। অনুগ্রহ করে উপরোক্ত বিষয়টি সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করবেন এবং সার্কুলারটির প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বা/-

(খন্দকার আবদুস সেলিম)

উপ মহাব্যবস্থাপক

ফোনঃ ৭১২০৩৭৫